

পলিটেকনিক শিক্ষকদের কর্মসূচি স্থগিত

■ ইত্তেফাক রিপোর্ট

আন্দোলন কর্মসূচি স্থগিত করেছে বাংলাদেশ পলিটেকনিক শিক্ষক সমিতি (বাপশিস) ও বাংলাদেশ পলিটেকনিক শিক্ষক পরিষদ (বাপশিপ)। গতকাল যশোরের সচিবালয়ে ভারপ্রাপ্ত শিক্ষা সচিব এম. এন. গোলাম ফারুকের সঙ্গে সংগঠন দুইটির নেতারা বৈঠকের পর কর্মসূচি স্থগিত করেন। পলিটেকনিক শিক্ষা ব্যবস্থায় বিভিন্ন সমস্যা সমাধানের দাবিতে গত ৮ জানুয়ারি থেকে আন্দোলন শুরু করেন পলিটেকনিকের শিক্ষকরা। শিক্ষকরা তাদের দাবি আদায়ের আগামী ২ থেকে ৭ জুন কর্মবিরতি এবং ২৪ জুন থেকে অনিদিষ্টকালের জন্য কর্মবিরতি-পালনের ঘোষণা দিয়েছিলেন।

গতকাল অনুষ্ঠিত বৈঠকে শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন) মো. ইকবাল খান চৌধুরী, অতিরিক্ত সচিব (কারিগরি ও মজাসা) মোহাম্মদ আতোয়ার রহমান, কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মো. শাহজাহান সিদ্দিকী, কারিগরি অধিদপ্তরের পরিচালক বান রিজভুল করিম, ডা. ন. ম. সালাহউদ্দিন খান ও মো. আলমগীর হোসেন, বাপশিস-এর সভাপতি মো. ইমরিস আলী ও সাধারণ সম্পাদক নির্মল চন্দ্র বিক্রমার এবং বাপশিপ সভাপতি মো. আবদুল মান্নান ও সাধারণ সম্পাদক তরুণ কুমার নাথসহ শিক্ষক নেতারা উপস্থিত ছিলেন।